



অবি লস্বে প্রকাশে র উদ্দে শ্যে: 10/12/2021

গভর্নর ক্যাথি হোকল

অক্টোবর মাসকে প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস হিসেবে ঘোষণা দিয়ে গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

এই ঘোষণাপত্র প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সম্পর্কে সচেতনতা তৈরি করবে এবং প্রতিবন্ধী কর্মীদের সম্পর্কে নিউ ইয়র্কের দীর্ঘদিনের অঙ্গীকারকে অব্যাহত রাখবে

ঘোষণাপত্র এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ অক্টোবর মাসকে প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস হিসেবে ঘোষণা দিয়ে একটি [ঘোষণাপত্র](#) জারি করেছেন। অন্তর্ভুক্তিমূলক কর্মস্থলের জন্য সহায়তা প্রদান করা নিউ ইয়র্ক স্টেটের দীর্ঘদিনের একটি অঙ্গীকার এবং প্রতিবন্ধী কর্মীদের আর্থিক, স্বাস্থ্যগত, ও কর্মসংস্থান ব্যবস্থায় উন্নত অ্যাক্সেস নিশ্চিত করতে স্টেট উদ্ভাবনমূলক সমাধানসমূহ বাস্তবায়ন করেছে। এসব উদ্যোগ প্রতিবন্ধী কর্মীদেরকে কর্মসংস্থানের মাধ্যমে আর্থিক স্বনির্ভরতা পাওয়ার জন্য সক্ষম করে তুলছে, যার ফলে প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বেকারত্ব ও দারিদ্র্য কমে আসছে।

"নিউ ইয়র্ক স্টেট প্রতিবন্ধী কর্মীদের জন্য কর্মস্থলে ও এর বাইরে সমান সুযোগ ও সহায়তা নিশ্চিত করতে দৃঢ় প্রতিজ্ঞ," **বলেছেন গভর্নর হোকল।** "প্রতিবন্ধী ব্যক্তির যাকে উপেক্ষার শিকার না হন, এবং তারা যাকে এই স্টেটে ন্যায্য ও মানসম্মত কর্মসংস্থানের বিকল্প পেতে পারেন তা নিশ্চিত করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। চলুন এই মাসে আমরা আমাদের প্রতিবন্ধী কর্মীদের এবং তাদের দৈনন্দিন অবদান ও কর্মকাণ্ডগুলোকে উদযাপন করি।"

মহামারী চলাকালীন সময়ে কোভিড-19 এর দ্বারা প্রভাবিত হয়েছেন এবং ভাইরাসটির দীর্ঘমেয়াদী প্রভাব মোকাবেলা করছেন এমন ব্যক্তিদের সহ প্রতিবন্ধী কর্মীদের সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট তার কর্মকাণ্ড অব্যাহত রেখেছে।

এছাড়াও এমপ্লয়মেন্ট ফার্স্ট নীতিমালার (Employment First Policy) মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদেরকে সহায়তা করতে নিউ ইয়র্ক কাজ করেছে, যে নীতিমালায় ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্ত করার আনুষ্ঠানিক নীতিমালা রাখার ব্যবস্থা করে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কর্মসংস্থান বৃদ্ধি করা ও দারিদ্র্য কমিয়ে আনার লক্ষ্যে কাজ করা হয়।

সেইসাথে, গভর্নর হোকল সম্প্রতি ব্রুকলিন ও বাফেলোর মতো সিটিগুলোতে সাশ্রয়ী সহায়তামূলক আবাসন প্রকল্প ঘোষণা করেছেন। এসব আবাসন উন্নয়নকাজের মধ্যে শারীরিক ও মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তামূলক পরিষেবাসমূহ অন্তর্ভুক্ত রয়েছে, যা তাদেরকে একটি সাশ্রয়ী আবাসস্থল এবং তাদের প্রয়োজনীয় প্রতিবন্ধীত্ব সংক্রান্ত পরিষেবাসমূহে আরো বেশি অ্যাক্সেসযোগ্যতা প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)